## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার সেপ্টেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা।
তারিখ ঃ ২৫/০৯/২০২৩ খ্রি.।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিতি ঃ পরিশিষ্ট-"ক"।

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২৮/০৮/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(গ) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদ যানবাহন মেরামতের জন্য রাজস্ব তহবিল হতে বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক আগস্ট/২০২৩ মাসে উপজেলা পরিষদ কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর মেরামত ও সার্ভিসিং কাজের ব্যয় বিল বাবদ ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।<br><br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ কয়রা সভায় জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ১৬-০২-২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০২৬. ০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং প্রজ্ঞাপনের আলোকে ৩ (চ) এ বর্ণিত অফিস সরঞ্জাম ক্রয় খাতে বছরে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। তিনি উপজেলা পরিষদ, কয়রা, খুলনার কার্যালয়ে একটি কম্পিউটার সামগ্রী ও একটি ফটোকপি মেশিন ক্রয়ের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্প গ্রহণের জন্য প্রস্তাব করেন।<br>সভার সকলের মতামতের ভিত্তিতে উপজেলা পরিষদ, কয়রা, খুলনার কার্যালয়ে একটি কম্পিউটার সামগ্রী ও একটি ফটোকপি মেশিন ক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলী, কয়রা খুলনা কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ব্যয়ের কাজটি একটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ব্যয়ের জন্য একমত পোষণ করেন। উক্ত কাজের প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরূপঃ<br>প্রাক্কলিত মূল্যঃ ২,০০,০০০/-<br>ক্রঃ নং নাম ও পদবী — কমিটির পদ<br>১. শফিকুল ইসলাম, ইউপি সদস্য, কয়রা — সভাপতি<br>২. মুর্শিদা খাতুন, ইউপি সদস্য, কয়রা — সচিব<br>৩. মোছাঃ সেলিনা খাতুন, ইউপি সদস্য, কয়রা — সদস্য<br>৪. মোঃ মাছুম সানা, গাড়ী চালক — সদস্য<br>৫. রাখাল চন্দ্র মন্ডল, গণ্যমান্য, কয়রা — সদস্য<br>৬. মিহির কান্তি মন্ডল, শিক্ষক — সদস্য<br>৭. লাভলী পারভীন, সমাজসেবিকা — সদস্য | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর আগস্ট/২০২৩ মাসে মেরামত ও সার্ভিসিং কাজের ব্যয় বিল বাবদ ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসমত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) সভায় এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (চ) এ বর্ণিত অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে উপজেলা পরিষদ, কয়রা, খুলনার কার্যালয়ে একটি কম্পিউটার সামগ্রী ও একটি ফটোকপি মেশিন ক্রয়ের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলনটি প্রকল্প বাস্তবায়ন কমিটি সহ সভায় সর্বসম্মিতিক্রমে অনুমোদিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | (ক) স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখে প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনার ১% অর্থ সরকারের "৭-ভূমি রাজস্ব" খাতে ট্রেজারী চালনের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অবশিষ্ট অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে জমা প্রদানের নির্দেশনা রয়েছে। সে আলোকে বাংলা ১৪২৯ সনের অত্র উপজেলার মোট ১১টি খেয়াঘাট/ট্রলার ঘাট/ লঞ্চঘাট ও মৎস্য সেডসমূহের ইজারা লব্দ আয় ও খাস আদায়কৃত অর্থ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখে প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনার | (ক) সভায় এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বাংলা ১৪২৯ সনের ১১ টি খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট / মৎস্যসেডের ইজারামূল্য ও খাস আদায়কৃত অর্থের ভ্যাট ও আয়কর বাদে অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমাকৃত অর্থ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন | উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>আলোকে উপজেলা নির্বাহী অফিসার,কয়রা, খুলনার (খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট ও মৎস্যসেড) ২৭১৭০০১০১৪৭৪৮ নং চলতি হিসাব হতে বাংলা ১৪২৯ সনের ইজারা লব্দ আয় ও খাস আদায়কৃত অর্থের অবশিষ্ট ৯৯% অর্থ বিভাজন করে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল চলতি হিসাব নং ২৭১৭০০১০১৯৭৯৯ নং হিসাবে জমা হয়েছে। যা অত্র উপজেলার ০৭টি ইউনিয়নের মধ্যে জনসংখ্যার ভিত্তিতে সুষম বন্টন করার প্রস্তাব করেন।<br>আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটের ইজারালব্দ আয়ের বাংলা ১৪২৯ সনের খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট/মৎস্যসেডের ইজারামূল্য ও খাস আদায়কৃত অর্থের ভ্যাট ও আয়কর বাদে ৭,৭৪,৮৭৪/৯৮ (সাত লক্ষ চুয়াত্তর আটশত চুয়াত্তর টাকা আটানব্বই পয়সা)। উল্লিখিত বছরের অবস্থানগত সুবিধা হিসেবে মহেশ্বরীপুর ইউনিয়ন পরিষদের জন্য ২০,০০০/- টাকা অবস্থানগত সুবিধা বাদে অবশিষ্ট (৭,৭৪,৮৭৪/৯৮-২০,০০০)= ৭,৫৪,৮৭৪/৯৮ (সাত লক্ষ চুয়ান্ন হাজার আটশত চুয়াত্তর টাকা আটানব্বই পয়সা) ০৭টি ইউনিয়নের জনসংখ্যার ভিত্তিতে সুষম বন্টন:
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ইউনিয়নের নাম</th><th>প্রাপ্য হার</th><th>বিভাজিত টাকা</th></tr>
<tr><td>১.</td><td>আমাদী</td><td>১৬.৪৪%</td><td>১,২৪,১০১/-</td></tr>
<tr><td>২.</td><td>বাগালী</td><td>১৮.১০%</td><td>১,৩৬,৬৩২/-</td></tr>
<tr><td>৩.</td><td>মহেশ্বরীপুর</td><td>১৭.৩৭%</td><td>১,৩১,১২২/-</td></tr>
<tr><td>৪.</td><td>মহেশ্বরীপুর</td><td>অবস্থানগত সুবিধা</td><td>২০,০০০/-</td></tr>
<tr><td>৫.</td><td>মহারাজপুর</td><td>১৬.০৬%</td><td>১,২১,২৩৩/-</td></tr>
<tr><td>৬.</td><td>কয়রা</td><td>১৪.৯০%</td><td>১,১২,৪৭৬/-</td></tr>
<tr><td>৭.</td><td>উত্তর বেদকাশী</td><td>৮.১৯%</td><td>৬১,৮২৪/</td></tr>
<tr><td>৮.</td><td>দক্ষিণ বেদকাশী</td><td>৮.৯৪%</td><td>৬৭,৪৮৬/-</td></tr>
<tr><td colspan="3">মোট=</td><td>৭,৭৪,৮৭৪/-</td></tr>
</table>
</td>
<td>ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখে প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনার আলোকে কয়রা উপজেলার ০৭ (সাত) টি ইউনিয়নের মধ্যে সুষম বন্টনের মাধ্যমে বিভাজনকৃত টাকা ছাড়করণের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৩.</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভার জানান হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৪.</td>
<td>উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৬.</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় আগস্ট/২০২৩ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>পোনা অবমুক্তকরণ কর্মসূচি-২০২৩</td><td>২০২৩-২৪ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় খাস, সরকারি ও প্রাতিষ্ঠানিক জলাশয় এবং বর্ষপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমিতে ২১টি জলাশয়ে মোট ৭৪৩ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্তকরণ করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/ পুশ বিরোধী অভিযান</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হচ্ছে।<br>২০/০৯/২০২৩ খ্রি. পর্যন্ত অর্জন</td><td></td></tr>
</table>
</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
</table>

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | সমূহঃ<br>(ক) মোবাইল কোর্ট- ০১টি<br>(খ) অভিযান- ৬৬ টি<br>(গ) আটক- ৬০ জন<br>(ঘ) জেল - ০১ জন<br>(ঙ) জরিমানা- ৬,৩০,৫০০/- টাকা<br>(চ) নিলামের মাধ্যমে আদায়- ৩৬,২০০/- টাকা<br>(ছ) অপদ্রব্য মিশ্রিত/দূষিত/ পুশকৃত চিংড়ি ধ্বংস- ৩৫২২ কেজি | | |
| | | ০৩. | "সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট" এর আওতায় চিংড়ী চাষী ক্লাষ্টার এর উন্নয়ন কার্যক্রম | প্রশিক্ষণঃ<br>০৪ ব্যাচে ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>চিংড়ি ক্লাষ্টার এর কার্যক্রমঃ<br>খড়িয়া চিংড়ি চাষী ক্লাষ্টার, খড়িয়া, মহারাজপুর এর অবকাঠামো উন্নয়নের কার্যক্রম চলমান। | | |
| | | ০৪. | মৎস্য চাষীর পুকুর/ঘের পরিদর্শন ও পরামর্শ প্রদান | অব্যাহত আছে। | | |
| | | ০৫. | অন্যান্য দাপ্তরিক কার্যক্রম | স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ০৭ | উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা। | (ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় বাস্তবায়িতব্য স্কীম সমূহ বিগত ১৮/০৯/২০২৩ ইং তারিখে উপজেলা পরিষদের স্কীম যাচাই বাছাই কমিটির সভায় অনুমোদন করা হলো। উক্ত নির্বচিত স্কীম সমুহ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় পেশ করেন। একই সাথে সংশ্লিষ্ট স্কীম সমুহের প্রণীত প্রাক্কলিত ব্যয় অনুমোদনের জন্য পেশ করেন। যাহা নিম্নরূপঃ | | | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় বাস্তবায়িতব্য স্কীম সমুহ টেন্ডার ও পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা। |

**২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় যাচাই বাছাই কমিটি কর্তৃক নিবার্চিত স্কীম তালিকাঃ**

| ক্রঃ নং | স্কীমের নাম | খাত | বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|---|
| | **আমাদী ইউনিয়নঃ** | | | |
| ১। | চান্নিরচক মাজেদ সানার বাড়ি হইতে পীচ রাস্তা অভিমুখে ইট সোলিং রাস্তা সংস্কার। | যোগাযোগ | ২,০০,০০০/- | পি,আই,সি |
| ২। | গড় আমাদী মনি গাজীর বাড়ি হতে হারুন গাজীর বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ১,৮২,০০০/- | পি,আই,সি |
| ৩। | চান্নিরচক আনোর বাড়ির সামনে কালভার্ট নির্মাণ। | কৃষি | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ৪। | তের আউলিয়া আসাদের বাড়ি দক্ষিণ পার্শ্ব হইতে পাটুলিয়া অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৩,০০,০০০/- | টেন্ডার |
| ৫। | আমাদী কুদ্দুসের বাড়ি হইতে জয় কর্মকারের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ২,৫০,০০০/- | টেন্ডার |
| ৬। | চান্নির চক সমিতির ঘর হইতে দীন আলীর বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ১,৯১,৮৩৩/- | টেন্ডার |
| | **বাগালী ইউনিয়নঃ** | | | |
| ৭। | তালবাড়িয়া কোপাত মোড়লের বাড়ি হতে কামালের ঘের অভিমুখি রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৯,৮০,০০০/- | টেন্ডার |
| ৮। | বামিয়া হাফিজ সরদারের বাড়ি হতে সুভাশ ডাক্তারের বাড়ি অভিমুখে ইটের সোলিং রাস্তা সংস্কার। | যোগাযোগ | ১,২০,০০০/- | পিআইসি |
| ৯। | শ্রীফলতলা গোলাপ মোড়লের ঘের হতে শ্রীফলতলা মসজিদ অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ২,০০,০০০/- | পিআইসি |
| ১০। | বামিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ভরাট। | শিক্ষা | ১,০০,০০০/- | পিআইসি |
| | **মহেশ্বরীপুর ইউনিয়নঃ** | | | |
| ১১। | ভাগবা বাজার ত্রানের ব্রীজে হতে আংশিক হড্ডা মকবুল সরদারে বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৪,৯৫,৮৯৩/- | টেন্ডার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২। | হড্ডা শ্যামল মন্ডল গংদের জমির সংলগ্ন কেয়ার রাস্তার ইটের সোলিং এর শেষ প্রান্ত হতে জাহাঙ্গীরের জমি অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৪,৫০,০০০/- | টেন্ডার |
| ১৩। | মহেশ্বরীপুর সোহরাব ফকিরের বাড়ি হতে হাসা ফকিরের বাড়ি ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ২,০০,০০০/- | পিআইসি |
| ১৪। | মহেশ্বরীপুর আতিয়ার ফকিরের বাড়ি হতে ইটের সোলিং রাস্তা অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ২,০০,০০০/- | পিআইসি |
| | ৪নং মহারাজপুর ইউনিয়নঃ | | | |
| ১৫। | দশহালিয়া খেয়াঘাট সংলগ্ন যাত্রী ছাউনির অবশিষ্টাংশ নির্মাণ। | যাত্রী ছাউনির | ১,৭৩,০০০/- | পিআইসি |
| ১৬। | দেয়াড়া অন্তাবুনিয়া দাখিল মাদ্রাসার ভবন সংস্কার। | শিক্ষা | ২,০০,০০০/- | পিআইসি |
| ১৭। | শিমলার আইট আব্দুর রহমান এর বাড়ি হতে রফিকের দোকান অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ২,০০,০০০/- | টেন্ডার |
| ১৮। | দশহালিয়া আলাউদ্দীনের মৎস্যর ঘর হতে খেয়াঘাট অভিমুখে ইটের সোলিং রাস্তা সংস্কার। | যোগাযোগ | ১,৭১,৩৮৯/- | টেন্ডার |
| ১৯। | দেয়াড়া ফজলু মাষ্টারের বাড়ি হতে মোহাম্মদীয়া শিশু একাডেমী অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ২,০০,০০০/- | টেন্ডার |
| ২০। | (ক) হযরত আয়েশা (রাঃ) মহিলা মাদ্রাসা, (খ) কালনা মহিলা মাদ্রাসা, (গ) জয়পুর সরকারী প্রাথঃ বিদ্যালয়ে ল্যাট্রিন নির্মাণ | শিক্ষা | ৩,০০,০০০/- | টেন্ডার |
| | **কয়রা ইউনিয়নঃ** | | | |
| ২১। | মদিন্যবাদ রেজাউল মাষ্টারের বাড়ি হতে নজরুল সানার বাড়ি অভিমুখে ইটের সোলিং রাস্তা সংস্কার। | যোগাযোগ | ২০০,০০০/- | পিআইসি |
| ২২। | ৬নং কয়রা খোকন শেখের বাড়ি হইতে গড়িয়াবাড়ি সরকারি প্রাঃ বিঃ অভিমুখে রাস্তা ইটের রাস্তা সংস্কার। | যোগাযোগ | ১,৪৬,০০০/- | পিআইসি |
| ২৩। | গোবরা পূর্বচক রাজ্জাক মোল্লার বাড়ি হইতে হরিণখোলা সুইচগেট অভিমুখে রাস্তা সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৪,০০,০০০/- | টেন্ডার |
| ২৪। | মদিনাবাদ হাকিম ঢালীর বাড়ি হইতে আনিচুর ঢালীর বাড়ি অভিমুখে রাস্তা সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৪,০৮,৫০৮/- | টেন্ডার |
| | **উত্তর বেদকাশী ইউনিয়নঃ** | | | |
| ২৫। | কাঠমারচর খেয়াঘাট হইতে সাবেক মেম্বার নজরুল ইসলামের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৪,৩৪,৫৯৪/- | টেন্ডার |
| ২৬। | বেদকাশী হাবিবিয়া দাখিল মাদ্রাসার দ্বিতল ভবনের রুম সংস্কার। | শিক্ষা | ২,০০,০০০/- | পিআইসি |
| | **দক্ষিণ বেদকাশী ইউনিয়নঃ** | | | |
| ২৭। | গোলখালী ইউনুছ গাজীর বাড়ি হতে কোষ্টগার্ড অভিমুখে ইটের সোলিং রাস্তা সংস্কার। | যোগাযোগ | ২০০,০০০/- | পিআইসি |
| ২৮। | গোলখালী আমজাদ গাজীর বাড়ি হতে আওাপ মোড়লের বাড়ি অভিমুখে ইটের সোলিং রাস্তা উন্নয়ন। | যোগাযোগ | ১,৭২,৭০৪/- | টেন্ডার |
| ২৯। | গোলখালী গ্রামে ধান চাষের জন্য গভীর নলকুপ স্থাপন। | কৃষি | ১,৬০,০০০/- | টেন্ডার |
| ৩০। | হলুদ বুনিয়া গ্রামে ধান চাষের জন্য গভীর নলকুপ স্থাপন। | কৃষি | ১,৬০,০০০/- | টেন্ডার |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা | | | |
| ৩১। | ইমদাদুল উলুম কওমিয়া মাদ্রাসা হরিনগর ল্যাট্রিন নির্মাণ। | ভৌত | ৯০,০০০/- | টেন্ডার |
| ৩২। | কালনা পশ্চিম পাড়া বায়তুন নাজাত জামে মসজিদ ল্যাট্রিন নির্মাণ। | ভৌত | ৯০,০০০/- | টেন্ডার |
| ৩৩। | জোড়শিং আলহেলাল জামে মসজিদে ল্যাট্রিন নির্মাণ। | ভৌত | ৯০,০০০/- | টেন্ডার |
| ৩৪। | ইসলামপুর পুরাতন জামে মসজিদ এর ল্যাট্রিন নির্মাণ। | ভৌত | ৯০,০০০/- | টেন্ডার |
| ৩৫। | দঃ হড্ডা ননিগোপাল সরদায়ের বাড়ী হইতে খাঁ পাড়া অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৩,০০,০০০/- | টেন্ডার |
| ৩৬। | মালীখালী মানিক খাম্বির বাড়ি হইতে অরুন এর বাড়ীর অভিমুখে | যোগাযোগ | ৩,০০,০০০/- | টেন্ডার |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ইটের সোলিং দ্বারা রাস্তা উন্নয়ন। | | | |
| | | ৩৭। | ৬নং কয়রা সরকারি প্রাঃ বিদ্যাঃ হইতে ৬নং কয়রা পূর্বপাড়া দূর্গা মন্দির অভিমূখে ইটের সোলিং রাস্তা সংস্কার। | যোগাযোগ | ২,০০,০০০/- | পিআইসি |
| | | ৩৮। | ৫নং কয়রা পিচের রাস্তা হইতে ওয়াবদার অভিমূখে রাস্তা ইটের সোলিং দ্বারা রাস্তা উন্নয়ন। | যোগাযোগ | ২,০০,০০০/- | পিআইসি |
| | | ৩৯। | ২নং কয়রা সুইজগেট হইতে তিন রাস্তার মোড় পর্যন্ত ইটের সোলিং রাস্তা সংস্কার। | যোগাযোগ | ২,০০,০০০/- | পিআইসি |
| | | ৪০। | হড্ডা কাশির রাস্তার মাথা হইতে গিলাবাড়ি খালের গোড়া পর্যন্ত রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ২,০০,০০০/- | টেন্ডার |
| | | | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা | | | |
| | | ৪১। | ০৭টি ইউনিয়নের হতদরিদ্রদের মাঝে সুপেয় পানির ট্যাংক বিতরণ | ভৌত | ২,০০,০০০/- | পি,আই,সি |
| | | ৪২। | ০৭টি ইউনিয়নের হতদরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ | নারী উন্নয়ন | ১,০০,০০০/- | টেন্ডার |
| | | ৪৩। | পাটনি খালি পিচের রাস্তা হইতে হাতিয়ার ডাঙ্গা কালভার্ট অভিমূখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ২,০০,০০০/- | টেন্ডার |
| | | ৪৪। | পাটনিখালি শ্মশানঘাটে ল্যাট্রিন নির্মাণ। | ভৌত | ১,০০,০০০/- | টেন্ডার |
| | | | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা | | | |
| | | ৪৫। | ০৭টি ইউনিয়নের হতদরিদ্রদের মাঝে সুপেয় পানির ট্যাংক বিতরণ | ভৌত | ২,০০,০০০/- | পি,আই,সি |
| | | ৪৬। | ০৭টি ইউনিয়নের হতদরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ | নারী উন্নয়ন | ২,০০,০০০/- | টেন্ডার |
| | | ৪৭। | মহারাজপুর জামিয়া আরাবিয়া ফতেমাতুর জোহরা (রাঃ) মহিলা কওমিয়া মদ্রাসা ল্যাট্রিন নির্মাণ। | ভৌত | ১,০০,০০০/- | টেন্ডার |
| | | ৪৮। | দঃ বেদকাশী তাছের গাইনের বাড়ী হইতে মুন্সিপাড়া জামে মসজিদ অভিমূখে রাস্তা ইটের সোলিং দ্বারা রাস্তা উন্নয়ন। | যোগাযোগ | ১,০০,০০০/- | পিআইসি |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার আগস্ট/২০২৩ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। | | -- | -- |

| সেবার নাম | মোট |
|---|---|
| সক্ষম দম্পত্তি | ৪৩,৬০৯ জন |
| গ্রহণকারী | ৩২,৯৩০ জন |
| সি এ আর | ৭৫.৫১% |
| স্থায়ী পদ্ধতিঃ | পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০০ জন সর্বমোটঃ ০ জন। |
| আই ইউ ডি | নতুন ১১ জন |
| ইমপ্ল্যান্ট | নতুন ৫৬ জন |
| ইনজেকটেবলস | ৪১৪১ জন |
| খাবার বড়ি | ২১,১৭৪ জন |
| কনডম | ২,০৬১ জন |
| মা ও শিশু স্বাস্থ্য সেবা | |
| গর্ভবতীর সংখ্যা | ১৭৪০ জন |
| এএনসি | ৩২২ জন |
| পিএনসি | ৮৭ জন |
| ডেলিভারি | UH&FWC : ০০ জন ও সিএসবিএ কর্তৃক: ০২ জন সর্বমোট: ০২ জন। |
| জীবিত জন্ম | ০২ জন |
| মাতৃমৃত্যু | ০ জন |
| শিশু মৃত্যু | ০ জন |
| শিশু স্বাস্থ্য সেবা | |
| কেন্দ্র | ৬৩৬ জন |
| কেন্দ্রের বাহিরে | ৮৯ জন |
| সাধারণ রোগী | ২৯৪০ জন |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে পিইডিপি৪ এর তাওতায় স্লিপ ফান্ডের ১৪২ টি বিদ্যালয়ের ১টি বিদ্যালয়ে ৮৫,০০০/- টাকা, ৬টি বিদ্যালয়ে ৭০,০০০/- টাকা, ১৩৫ টি বিদ্যালয়ে ৫০,০০০/- টাকা করে বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>২০২২-২৩ অর্থবছরে পিইডিপি৪ এর তাওতায় রুটিন মেইনটেনেন্স বাবদ বিদ্যালয় প্রতি ৪০;০০০/- টাকা করে ৮৩টি বিদ্যালয়ে বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>২০২২-২৩ অর্থবছরে পিইডিপি৪ এর আওতায় বিদ্যালয় প্রতি ২,০০,০০০/- টাকা হারে ১৩টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত বাবদ বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>২০২২-২৩ অর্থবছরে পিইডিপি৪ এর আওতায় ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০,০০০/- টাকা করে ওয়াসব্লকের বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>২০২২-২৩ অর্থবছরে বিদ্যালয় প্রতি ১,৫০,০০০/- টাকা করে ৩ টি বিদ্যালয়ে নিউ বেইজড প্লেয়িং বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>২০২২-২৩ অর্থবছরে পিইডিপি৪ এর আওতায় এডুকেশন ইন ইমারজেন্সি বাবদ ৮টি বিদ্যালয়ের অনুকূলে ২,০০,০০০/- টাকা করে বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>তিনি আরও জানান খিরোল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বেড়ীবাঁধ থেকে বিদ্যালয়ের যাওয়ার জন্য ৫০০ ফুট ইটের সোলিং রাস্তা করা আশু প্রয়োজন মর্মে তিনি সভায় জানান। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, মহারাজপুর ইউনিয়নের দেয়াড়া জব্বার মোল্লার বাড়ির সামনে শাকবাড়িয়া খালের উপর একটি পুরাতন অকেজো ব্যবহার অনুপযোগী ব্রীজটি অপসরণ করে ২০২৩-২০২৪ অর্থ বছরে টেন্ডারকৃত নতুন ব্রীজটি নির্মাণের জন্য প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে মহারাজপুর ইউনিয়নের দেয়াড়া জব্বার মোল্লার বাড়ির সামনে শাকবাড়িয়া খালের উপর একটি পুরাতন অকেজো ব্যবহার অনুপযোগী ব্রীজটি অপসরণ করে ২০২৩-২০২৪ অর্থ বছরে টেন্ডারকৃত নতুন ব্রীজটি নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা। |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৮৬ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা এবং ২০২১-২০২২ অর্থ বছরে ৯৭,৪৭০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা এবং ২০২১-২০২২ অর্থবছরে ২৯,১০৩/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অন লাইনের মাধ্যমে জমা প্রদান | -- | -- |

<table>
<tr><td></td><td></td><td>করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়া ও বিভিন্ন সমিতি থেকে ১০০ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমান প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭০,৬৬৯/- টাকা এবং সুদ আদায় ১,১৩,২৪২/- টাকা। আদায়ের হার ৭২%। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সেপ্টেম্বর/২০২৩ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>বিষয়</th><th>চলতি মাস</th><th>চলতি বছর</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৩০</td><td>৩০</td><td>৮৮২৮ জন</td><td>--</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (আত্মকর্ম)</td><td>০</td><td>৫,১০,০০০/-</td><td>২,০১,২১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>৪২,৪০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>যুব উদ্যোক্তা ঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২,০০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার</td><td>৯৫%</td><td>৯৫%</td><td>৯৭%</td><td>--</td></tr>
<tr><td>আত্মকর্মীর তথ্য</td><td>০</td><td>১৫</td><td>৩৪৭০ জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন নিবন্ধন</td><td>০</td><td>০</td><td>১৩ টি</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
</table>
তিনি আরও জানান টেকার প্রকল্পের ২ মাস মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণে ২০ জন যুব মহিলা ও ২০ জন যুবকের কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণ চলমান। একই সংগে রাজস্বের ০৭ দিনের একটি ব্যাচ প্রশিক্ষণ শুরু করার জন্য প্রক্রিয়াধীন। ঋণ আদায় ও প্রশিক্ষণ স্বাভাবিকভাবে গতিতে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান বছরে ঋণ বিতরণ, ঋণ আদায় এবং অফিসের অন্যানা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৮.</td><td>উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা।</td><td>উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৯.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২২-২০২৩ অর্থ বছরে লক্ষমাত্রা অনুযায়ী ২৫ জন সদস্যকে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ৪,৪৯,৮১,০০০/- (চার কোটি উনপঞ্চাশ লক্ষ একাশি হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ১,০১,৮০,০০০/- (এক কোটি এক লক্ষ আশি হাজার) টাকা এবং নারী উদ্যোক্তার মধ্যে ৪০,৭৮,০০০/- (চল্লিশ লক্ষ আটাত্তর হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৮%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

২১. <u>আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)</u>

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার আগস্ট/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার আগস্ট/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার আগস্ট/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯৫/- |
| ০৫. | উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৫/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর আগস্ট/২০২৩ মাসের মজুরী বিল। | ১১,০০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের আগস্ট/২০২৩ মাসের মজুরী বিল। | ১২,১০০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর আগস্ট/২০২৩ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ২৯,৪৮৪/- |
| ০৯. | উপজেলা পরিষদ,কয়রা, খুলনার প্রশাসনিক ভবনের ৪র্থ তলায় উপজেলা প্রকৌশল দপ্তরের স্যানিটেন কাজের ব্যয় বিল। | ৮,৫০০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৩-৭২ (৪৫)  তারিখঃ ২৫-০৯-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান....................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য...............................,কয়রা, খুলনা।

মোঃ মমিনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd